

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫০.২০১৬-

তারিখ-----।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুজ্জামান(সাময়িক বরখাস্ত), উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উলিপুর, কুড়িগ্রাম; উক্ত কার্যালয়ের রাজস্ব খাতের ঋণ কর্মসূচির সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব নং ২০০০০৫৯৯৯ হতে চেক নং জই/০৭৪৯৯২১ তারিখ ১৫-১২-২০১৫-এর মাধ্যমে ২৫০০/-; চেক নং জই/০৭৪৯৯১০ তারিখ ১০-০৩-২০১৬-এর মাধ্যমে ৯৫,০০০/- এবং সমাপ্ত “উজ্জ্বলতার ০৭টি জেলার বেকার যুবদের কর্মসংস্থানের জন্য সুযোগ সৃষ্টি” শীর্ষক প্রকল্পের চলতি হিসাব নং ২০০০০৭৬৫৮ হতে চেক নং জই/০৭৪১৯৪ তারিখ ১৬-০৩-২০১৬-এর মাধ্যমে ১,২৫,০০০/-; চেক নং জই/০৭৪১৯৫ তারিখ ২১-০৩-২০১৬-এর মাধ্যমে ৫০,০০০/-; চেক নং জই/০৭৪১৯৬ তারিখ ২৪-০৩-২০১৬-এর মাধ্যমে ২৫,০০০/- এবং চেক নং জই/০৭৪১৯৭ তারিখ ২১-০৪-২০১৬-এর মাধ্যমে ১,২৫,০০০/- টাকাসহ সর্বমোট ৪,২২,৫০০/- টাকা নিজ নামে উত্তোলনপূর্বক আত্মসাত করেন;

যেহেতু, আপনি একই প্রকল্পের চলতি হিসাব নং ২০০০০৭৬৫৮ হতে ২৮-০৪-২০১৬ তারিখে ১,২৫,০০০/- টাকা এবং ০৫-০৫-২০১৬ তারিখে যথাক্রমে ১,২৫,০০০/- ও ১,২৫,০০০/- টাকাসহ সর্বমোট ৩,৭৫,০০০/- টাকা ভিন্ন হিসাবে স্থানান্তরপূর্বক আত্মসাত করেন;

যেহেতু, আপনি ইমপ্যাক্ট প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট স্থাপনের নিমিত্ত ৩০ জন উপকারভোগির অনুকূলে সাবসিডি ১,৫০,০০০/- টাকা উত্তোলনপূর্বক ১৪টি প্লান্ট স্থাপনের জন্য ১১ জনকে সাবসিডি বাবদ ৫৫,০০০/- টাকা প্রদান করেন। অবশিষ্ট ১৯ জনের নামে সাবসিডি উত্তোলিত ৯৫,০০০/- টাকা সংশ্লিষ্ট উপকারভোগীদের না দিয়ে আপনি নিজেই উক্ত টাকা আত্মসাত করেন;

যেহেতু, আপনি ইতোপূর্বে রংপুর জেলাধীন তারাগঞ্জ উপজেলায় কর্মকালীন উক্ত কার্যালয়ের ২০১৩-২০১৪ অর্থ বছরের বাড়ীভাড়া বাবদ ৩০,০০০/- টাকা, সরকারী টেলিফোন বিল বাবদ ৪,৪১৪/- টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ২,৭৩০/- টাকা উত্তোলনপূর্বক আত্মসাত করেন। উল্লিখিত খাতের অর্থ আত্মসাতের বিষয় স্থানীয় কর্তৃপক্ষের গোচরীভূত হলে আপনার সাথে যোগাযোগ করার পর আত্মসাতকৃত টাকা দীর্ঘদিন পর গত ০২-০৫-২০১৬ খ্রিঃ তারিখে আপনি জমা প্রদান করেন;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপের প্রেক্ষিতে উপ-পরিচালক, কুড়িগ্রাম তাঁর কার্যালয়ের ৩০-৮-২০১৬ খ্রিঃ তারিখের ৬৯৬ সংখ্যক পত্রের মাধ্যমে আপনাকে ব্যাখ্যা তলব করলে জবাব প্রদানের জন্য ১৯-৯-২০১৬ তারিখে ০২ মাস সময় প্রার্থনা করেন, যা অযৌক্তিক;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যক্রমের কারণে এ অধিদপ্তরের ২২-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৩০৩ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আপনাকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, আপনার উপরোক্ত আচরণ ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধান অনুযায়ী আপনাকে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী কেন চাকুরী থেকে বরখাস্ত করা হবে না অথবা বিধি মোতাবেক অন্য কোন শাস্তি আরোপ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি এতদসংক্রান্ত বিষয়ে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও জবাবপত্রে উল্লেখ করতে বলা হলো।

যে সকল অভিযোগের ভিত্তিতে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এসঙ্গে সংযুক্ত করা হলো।
সংযুক্তি- বর্ণনামতে ০১ পাতা।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

জনাব মোঃ মনিরুজ্জামান(সাময়িক বরখাস্ত)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উলিপুর, কুড়িগ্রাম।
স্থায়ী ঠিকানাঃ
জনাব মোঃ মনিরুজ্জামান
পিতা-জনাব মোঃ রহিম উদ্দিন আহমেদ, গ্রাম-সৈয়দপুর(হাজীপাড়া), পোঃ-সিকদারগঞ্জ, সদর দিনাজপুর।
নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫০.২০১৬- ১৬

তারিখ- ২২/১১/১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। পরিচালক(দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম(বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করতে অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার নথিতে সংরক্ষণ করতে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উলিপুর, কুড়িগ্রাম।
- ০৬। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯